Private Infrastructure
Development Group

# HSES
# সুরক্ষাবিধি

জীবন বদলায়
– জীবন বাঁচায়

আমাদের প্রকল্পের কর্মীর এবং সংশ্লিষ্ট সম্প্রদায়ের মানবাধিকারকে সম্মান করা।

# ভূমিকা

**HSES সুরক্ষাবিধি হল 10টি নিয়ম যাতে আমাদের সমস্ত প্রকল্প জুড়ে সুরক্ষা প্রক্রিয়াগুলি কার্যকর হয়, কর্মীরা সুস্থ থাকে, তাদের মৌলিক অধিকার এবং কর্মীর ইন্টারফেস সুরক্ষিত থাকে, বিশেষত আমাদের প্রকল্প এবং সরবরাহ শৃঙ্খলে উদ্ভূত লিঙ্গভিত্তিক হিংসা এবং হয়রানির (GBVH) ঘটনা, আধুনিক দাসত্ব এবং শিশুশ্রমের ক্ষেত্রে।**

আমাদের প্রকল্পে মানবাধিকার সংক্রান্ত ঝুঁকি কমানোর প্রক্রিয়া এবং নিয়ন্ত্রণ প্রদানের জন্য নিয়মগুলি ঠিক করা হয়েছে। এখানে সবকিছু লেখা নেই, কিন্তু আমাদের কাছে প্রাথমিক নিয়ন্ত্রণ আর প্রশমন ব্যবস্থা রয়েছে কিনা তা নিশ্চিত করাই আমাদের উদ্দেশ্য যাতে ঝুঁকি কমে এবং কর্মক্ষেত্র নিরাপদ থাকে, কর্মীর অধিকার রক্ষা ও তাদের ভাল থাকা সুনিশ্চিত করা যায় এবং কর্মী ও নানা সম্প্রদায়ের মধ্যে সম্মানজনক পরিবেশ বজায় রাখা যায়। আমাদের প্রকল্পের কর্মীর স্বাস্থ্য ও নিরাপত্তা রক্ষার জন্য তৈরি নিয়মগুলি PIDG'র জীবন বাঁচানোর নিয়মগুলির সাথে সামঞ্জস্যপূর্ণ।

সমস্ত নিয়ম আমাদের PIDG হেল্থ সেফ্টি এনভায়রনমেন্ট অ্যান্ড সোশ্যাল ম্যানেজমেন্ট সিস্টেম (HSES MS) এবং স্বীকৃত গুড ইন্টারন্যাশনাল ইন্ডাস্ট্রি প্র্যাকটিস (GIIP) ইতিমধ্যে সংজ্ঞায়িত দরকারি বিষয় থেকে তৈরি হয়েছে, তবে এগুলির লক্ষ্য হল আমাদের সমস্ত প্রোজেক্ট পোর্টফোলিওতে এই প্রয়োজনীয় সুরক্ষাবিধির উপর মনোযোগ দেওয়া এবং সচেতনতা বাড়ানো। এই নিয়মগুলিকে বিচ্ছিন্নভাবে প্রয়োগ করা না গেলেও HSES পরিচালনার অবিচ্ছেদ্য অঙ্গ হিসেবে বিবেচিত হবে যাতে PIDG গ্রুপ এবং আমাদের প্রকল্পগুলিতে এগুলো বাস্তবায়িত করা যায়।

PIDG HSES পরিচালনা আমাদের HSES নীতিগুলির সাথেই শুরু হয়। আমাদের কর্তব্য নির্দেশিকা এবং চেকলিস্টে বর্ণিত আমাদের সচেতনশীল প্রক্রিয়ার অংশ হিসাবে সুরক্ষার ঝুঁকি মূল্যায়ন করা হয়। এই ঝুঁকিগুলি তারপর এইসব সেফগার্ডিং রুল্সের মাধ্যমে এবং আমাদের PIDG লোকাল এমপ্লয়মেন্ট অ্যান্ড লেবার ম্যানেজমেন্ট স্ট্যান্ডার্ড, PIDG জেন্ডার ইকুয়ালিটি স্ট্যান্ডার্ড, PIDG

স্টেকহোল্ডার এঙ্গেজমেন্ট স্ট্যান্ডার্ড ও PIDG গ্রিভেন্স মেকানিজম স্ট্যান্ডার্ড এবং আমাদের প্রোজেক্টের HSES প্রক্রিয়াদির স্ট্যান্ডার্ড অনুযায়ী আরও ভাল করে পরিচালিত হয়।

নিয়মগুলি IFC পারফর্মেন্স স্ট্যান্ডার্ড[1] এর সাথে সামঞ্জস্যপূর্ণ। নিয়মগুলি ETI বেস কোড[2] এর প্রয়োজনীয়তার উপর ভিত্তি করেও তৈরি করা হয়েছে, এবং তা GBVH[3], [4], আধুনিক দাসত্ব[5], শিশু শ্রম[6] এবং কর্মীদের আবাসন[7] এর বেস্ট প্র্যাক্টিস গাইডেন্স দ্বারা অবহিত করা হয়েছে।

এই সুরক্ষাবিধিগুলি প্রাথমিকভাবে শ্রমিক ব্যবস্থাপনা প্রক্রিয়ার সাথে সম্পর্কিত। প্রকল্পের অন্যান্য সম্প্রদায়ের মধ্যে যোগাযোগের ক্ষেত্রেও সুরক্ষার ঝুঁকি থাকে, বিশেষ করে ভূমি অধিগ্রহণ প্রক্রিয়া, নিরাপত্তা বিধানে প্রয়োজনীয় পদক্ষেপের ক্ষেত্রে, কমিউনিটি সার্ভিস ও সুবিধা প্রদানের ক্ষেত্রে এবং কোনো প্রকল্প স্থানীয় সমাজে যে ব্যাপক পরিবর্তন আনে সেই ক্ষেত্রে। তাই আমাদের সর্বদা নিশ্চিত করতেই হবে যে আমরা যেন আমাদের প্রকল্পের ঝুঁকি মূল্যায়ন করি যদিও এই নিয়মগুলির বাস্তবায়ন অপরিহার্য অংশ হলেও এতে আমাদের সমস্ত ঝুঁকি কমে না। তবে একসাথে বিবেচনা করলে আমরা সফলভাবে আমাদের প্রকল্পগুলিতে সবাইকে সুরক্ষিত রাখতে পারি।

1. IFC, 2012. পরিবেশগত এবং সামাজিক স্থায়িত্বের উপর কর্মক্ষমতার মানদণ্ড।
2. এথিক্যাল ট্রেডিং ইনিশিয়েটিভ (ETI) (2018) বেস কোড।
3. বিশ্বব্যাংক, 2018। গুড প্র্যাক্টিস নোট। বড় অসামরিক কাজের সাথে জড়িত বিনিয়োগ প্রকল্পে লিঙ্গভিত্তিক হিংসার সমাধান। a
4. IFC, EBRD এবং CDC. লিঙ্গভিত্তিক হিংসা এবং হয়রানি: বেসরকারি খাতের জন্য ভাল অভ্যাসের নির্দেশিকা (আসন্ন)।
5. IFC, CDC, EBRD এবং DFID (2018)। আধুনিক দাসত্বের সাথে যুক্ত ঝুঁকি সামলানো: বেসরকারি খাতের জন্য ভাল অভ্যাসের নির্দেশিকা।
6. EBRD (2017). পারফর্মেন্সের জন্য যা প্রয়োজন 2 – শ্রমিক এবং কর্মক্ষেত্রের অবস্থা: শিশু, যুবক এবং কাজ - গাইডেন্স নোট।
7. EBRD/IFC (2009) কর্মীর বাসস্থান: প্রক্রিয়া এবং মান - গাইডেন্স নোট।
8. নিরাপত্তা এবং মানবাধিকারের স্বেচ্ছামূলক নীতি।

# HSES সুরক্ষাবিধি

**দায়িত্বশীল বিনিয়োগের জন্য শক্তিশালী স্বাস্থ্য, নিরাপত্তা, পরিবেশগত এবং সামাজিক (HSES) পরিচালনা দরকার। PIDG-তে আমরা স্বীকার করি যে আমাদের মূল্যবোধগুলির মান রাখতে এবং আমরা যে দায়িত্বশীল বিনিয়োগে বিশ্বাস করি তা করতে হলে আমাদের নিশ্চিত করতেই হবে যে আমাদের পুরো সংস্থায় যেন HSES কঠোরভাবে মানা হয় আর তা যেন আমাদের সমস্ত কাজের কেন্দ্রবিন্দুতে থাকে।**

PIDG স্বীকার করে যে সমস্ত প্রকল্পের জন্য শক্তিশালী কর্মী আর পরিচালকদের মধ্যে সুসম্পর্ক, ভাল কাজের পরিবেশ এবং কর্মীর ভাল থাকা সুনিশ্চিত করা সংস্থার দীর্ঘমেয়াদী সাফল্যের চাবিকাঠি। ইতিবাচক সম্পর্ক ব্যবসায় বাস্তবিক উপকার করে এবং যেখানে স্থানীয় মানুষজনই কর্মশক্তি, সেখানে তাদের মধ্যে সম্পর্ক ভাল করে এবং প্রকল্পের পরিচালনার সামাজিক স্বীকৃতিকে শক্তিশালী করে।

আমাদের কাছে ইতিবাচক সম্পর্ক বলতে সেটাই বোঝায় যা প্রতিটি শ্রমিকের অধিকার, মর্যাদা এবং তাদের সুস্থ রাখার কথা মাথায় রাখে।

- আমরা আমাদের সমস্ত HSES প্রক্রিয়ার মাধ্যমে লিঙ্গসমতা এবং বৈষম্যহীনতা বজায় রাখতে বদ্ধপরিকর;
- আমরা লিঙ্গ ভিত্তিক হিংসা এবং হয়রানি (GBVH) কোন রূপে সহ্য করব না;
- আমরা কর্মী বাহিনী, ঠিকাদার এবং প্রাথমিক সরবরাহ শৃঙ্খলে আধুনিক দাসত্ব এবং শিশুশ্রমের ঝুঁকি হ্রাস করতে বদ্ধপরিকর;
- আমরা নিশ্চিত করতে চাই যে সমস্ত কর্মী আমাদের প্রত্যাশার পাশাপাশি তাদের অধিকার যেন বোঝেন; এবং
- যে কোন সুরক্ষা সংক্রান্ত চিন্তা থাকলে আমরা তা জানানোর এবং নিরসনের উপায় দেব।

এটি আমাদের সেফগার্ডিং পলিসিতে অন্তর্ভুক্ত এবং এই HSES এর 10টি সুরক্ষাবিধিতে রয়েছে।

01 মানবসম্পদ নীতি

02 প্রকল্পের সুরক্ষার আচরণবিধি

03 নিয়োগ পরিকল্পনা

04 কর্মসংস্থানের শর্তাবলী

05 প্রশিক্ষণ এবং যোগাযোগ

06 কাজের পরিবেশ

07 সমিতির স্বাধীনতা

08 নিরাপত্তার ব্যবস্থা

09 সম্প্রদায়ের মধ্যে যোগাযোগ এবং স্টেকহোল্ডারদের সম্পৃক্ততা

10 অভিযোগ নিষ্পত্তি

আমাদের প্রকল্পের সংস্থাগুলি কীভাবে তাদের কর্মীদের নিয়োগ ও পরিচালনা করে এবং তাদের ঠিকাদার এবং পণ্য সরবরাহকারীদের নেয়, তা থেকেই জানা যায় যা তারা এদের অধিকার এবং কল্যাণের জন্য কি করে।

এইসব HSES প্রক্রিয়া সমস্ত প্রকল্পে প্রয়োজন, তার ধরন, আকার বা স্থান যাই হোক না কেন, আর তা কর্মীর মৌলিক অধিকার রক্ষার জন্য অপরিহার্য হওয়ার পাশাপাশি GBVH, আধুনিক দাসত্ব এবং শিশুশ্রমের ঝুঁকিও কমাতে পারে। এই প্রক্রিয়াগুলি তাই প্রতিটি প্রকল্পে সর্বদা বাস্তবায়িত করার জন্য সুরক্ষাবিধিগুলির অংশ হিসাবে রয়েছে।

সুরক্ষাবিধিগুলি যাদের ওপর প্রযোজ্য:

- PIDG'র সবাই;
- সমস্ত PIDG সংস্থা এবং
- সমস্ত PIDG প্রকল্প[1]

এইসব HSES প্রক্রিয়াগুলির জটিলতা এবং পরিসর নির্দিষ্ট প্রকল্পের ঝুঁকির উপর নির্ভর করে যা PIDG HSES স্ট্যান্ডার্ডগুলিতে বিস্তারিত জানানো হয়েছে। সেগুলি PIDG, সংস্থা বা প্রজেক্ট HSES MS এর অংশ হিসাবে বাস্তবায়িত, পর্যবেক্ষণ এবং রিপোর্ট করা হবে।

সব ক্ষেত্রেই আমাদের প্রকল্পের কর্মীর আর সংশ্লিষ্ট সম্প্রদায়ের মানুষের কল্যাণ সর্বাগ্রে। GBVH, আধুনিক দাসত্ব বা শিশুশ্রমের কোনো সন্দেহজনক বা প্রকৃত মানবাধিকার লঙ্ঘনের ঘটনাকে PIDG গুরুতর হিসাবে দেখবে এবং HSES 004-001 PIDG ইনসিডেন্ট রিপোর্টিং প্রসিজারের সাহায্যে PIDG'র উপযুক্ত ব্যবস্থার মাধ্যমে অবিলম্বে পদক্ষেপ গৃহীত হবে।

সুরক্ষা আমাদের বিনিয়োগের মাধ্যমে ইতিবাচকতা তুলে ধরার একটি অবিচ্ছেদ্য অঙ্গ। PIDG-তে, আমাদের লক্ষ্য হল জীবনকে বদলে আরও উন্নত করা, তাই আমাদের অবশ্যই 'জীবন রক্ষা' করতে হবে এবং আমাদের সমস্ত পোর্টফোলিওর সব মানুষ যাতে সম্মান ও মর্যাদা পান আমরা তা সুনিশ্চিত করতে হবে।

1 যেখানে PIDG এবং এর সংস্থাগুলি পরামর্শদাতা এবং ঠিকাদার সহ বিনিয়োগকারী/ঋণদাতা।

# মৌলিক প্রয়োজনীয়তা

**সুরক্ষাবিধিগুলির কার্যকর প্রয়োগ সুনিশ্চিত করার জন্য মৌলিক যা কিছু প্রয়োজন তা থাকা দরকার।**

- প্রকল্পকর্মী থেকে ঊর্ধ্বতন পরিচালকবর্গ এবং বোর্ড - সকল স্তরের প্রতিনিধিত্বের মাধ্যমে সাংগঠনিক কাঠামোকে ইতিবাচক এবং বৈচিত্র্যময় করতে উৎসাহিত করা হবে।
- সমস্ত প্রকল্পের সুরক্ষার উপর উপযুক্ত পর্যায়ে নেতৃত্ব দেওয়া আবশ্যক। সংস্থার মধ্য থেকেই উপযুক্ত সংখ্যক প্রতিভাবানদের সাহায্যে সুরক্ষার দায়িত্ব সহ ব্যবস্থাপনার শীর্ষ পর্যায়ে একটি নির্ধারিত কেন্দ্রবিন্দু থাকা উচিত।
- এর কেন্দ্রবিন্দু হবে বিধিগুলির প্রশিক্ষণ এবং বর্তমান পর্যবেক্ষণ ও পর্যালোচনা প্রক্রিয়া সহ এই সুরক্ষাবিধিগুলি বাস্তবায়নের জন্য প্রকল্পটিতে যাতে শক্তিশালী ব্যবস্থা থাকে তা নিশ্চিত করা।
- কেন্দ্রবিন্দুটির এমন কর্মসংস্কৃতি গড়ে তোলার চেষ্টা করা উচিত যেখানে কর্মীর নিজেদের অধিকার জানা থাকবে এবং কোনো চিন্তা হলে জানাতে স্বাচ্ছন্দ্য বোধ করবেন।
- সমস্ত প্রকল্পে পরিচালক এবং কর্মীর মধ্যে যোগাযোগ এবং সম্পৃক্ততার জন্য সুস্পষ্ট প্রণালী তৈরি করা উচিত, সেক্ষেত্রে একে অপরকে জানতে উৎসাহিতও করা হবে।
- কর্মী এবং নানা সম্প্রদায়ের তরফ থেকে সুরক্ষাজনিত চিন্তা হলে জানর নিরাপদ এবং গোপনীয় অভিযোগ জানানোর ব্যবস্থা থাকা উচিত।
- HSES MS এর অংশ হিসাবে সমস্ত সুরক্ষা প্রক্রিয়া বাস্তবায়ন এবং পর্যবেক্ষণ করা হবে।
- সুরক্ষাবিধিগুলি বোঝার এবং মেনে চলার বিষয়ে কর্মীদের একে অপরের সাথে কথা বলতে এবং যে কোন প্রশ্ন থাকলে লাইন ম্যানেজারদের কাছে যেতে উৎসাহিত করা হবে।

# 01 মানবসম্পদ নীতি

**ভাল শ্রমিকব্যবস্থা অনুশীলন, লিঙ্গসমতা, বৈষম্যহীনতা এবং GBVH, আধুনিক দাসত্ব এবং শিশুশ্রম প্রতিরোধে প্রকল্পের সংস্থার তরফ থেকে তাদের বদ্ধপরিকরতা নির্ধারণের জন্য স্পষ্ট নীতি রয়েছে।**

## প্রয়োজনীয়তা

কর্মীর সাথে যোগাযোগ এবং সংস্থার সব কর্মীদের পরিচালনা করতে সঙ্গতিপূর্ণ পদ্ধতি বানানোর জন্য অবশ্যই মানবসম্পদ নীতি তৈরি করতে হবে। কর্মীদের বলা মুখ্য ভাষা(গুলি)তে কর্মক্ষেত্রের সমস্ত জায়গায় নীতিগুলি স্পষ্টভাবে লিখতে এবং পোস্ট করতে হবে।

নীতিতে অবশ্যই এসব অঙ্গীকার অন্তর্ভুক্ত থাকতে হবে:

- সমতা এবং বৈষম্যহীনতা
- GBVH অবরদাস্তযোগ্য
- আধুনিক দাসত্ব এবং শিশুশ্রমের ঝুঁকি হ্রাস করা।

নীতিগুলির জন্য প্রয়োজনীয়তা অন্তর্ভুক্ত করা আবশ্যক:

- নিয়োগ পরিকল্পনা
- কর্মীর চাকরির শর্তাবলী
- পদোন্নতির জন্য স্পষ্ট, লক্ষ্য এবং যোগ্যতা ভিত্তিক মানদণ্ড এবং বোনাস ও পুরস্কারের স্কিম, যে সিদ্ধান্ত কমপক্ষে দুইজন অনুমোদন করবেন
- কর্মক্ষেত্র (এবং বাসস্থান ও চলাচল, যেখানে প্রযোজ্য) পরিকল্পনা যার মধ্যে স্বাস্থ্য এবং নিরাপত্তা, লিঙ্গ এবং কর্মীর ভাল থাকা এবং
- যৌন হয়রানির নীতি রয়েছে।

যেখানে নির্দিষ্ট GBVH ঝুঁকি চিহ্নিত করা হয়েছে, সেখানে একটি স্বতন্ত্র GBVH নীতি তৈরি করা উচিত।

সমস্ত প্রকল্পের চুক্তি এবং সংগ্রহ প্রক্রিয়ায় নীতিগুলি মেনে চলা আবশ্যক।

## পরিচালকবর্গ

নিশ্চিত করুন যে নীতিগুলি মানা হচ্ছে, সমর্থিত এবং আপ টু ডেট কিনা।

নিশ্চিত করুন যেন নীতিগুলি সমস্ত ম্যানেজার, সুপারভাইজার এবং কর্মীর স্পষ্টভাবে জানানো হয় এবং একইভাবে প্রয়োগ করা হয়।

নিশ্চিত করুন যেন ঠিকাদার এবং প্রাথমিক সাপ্লায়াররা নীতি সম্পর্কে অবগত থাকেন।

নিশ্চিত করুন যেন সব কর্মক্ষেত্রে নীতিগুলি স্পষ্টভাবে প্রদর্শিত হয় এবং কর্মীরা সমস্ত নীতির প্রশিক্ষণ গ্রহণ করেন।

## সব কর্মীরা

মানবসম্পদ নীতিগুলি পড়ে বুঝুন।

প্রারম্ভিক এবং রিফ্রেশার প্রশিক্ষণে ইতিবাচকভাবে যুক্ত হন আর নিজে এবং অন্যদের সুরক্ষার জন্য নীতিগুলি সক্রিয়ভাবে মেনে চলুন এবং ব্যবহার করুন।

সংশ্লিষ্ট মানদণ্ড: HSES 003-010 PIDG লোকাল এমপ্লয়মেন্ট অ্যান্ড লেবার ম্যানেজমেন্ট স্ট্যান্ডার্ড, HSES 003-011 PIDG জেন্ডার ইকুয়ালিটি স্ট্যান্ডার্ড।

# 02 প্রকল্পের সুরক্ষার আচরণবিধি

**প্রকল্পের সুরক্ষার আচরণবিধি অনুযায়ী প্রতিটি কর্মী, ঠিকাদার এবং প্রাথমিক সাপ্লায়াররা তাদের থেকে প্রত্যাশিত আচরণ সম্পর্কে এবং প্রকল্পের সুরক্ষার আচরণবিধি লঙ্ঘনের জন্য নিষেধাজ্ঞা সম্পর্কে সচেতন থাকবেন।**

## প্রয়োজনীয়তা

সমস্ত কর্মী, ঠিকাদার, উপঠিকাদার এবং প্রাথমিক সাপ্লায়ারদের [2] অবশ্যই প্রকল্পের সুরক্ষার আচরণবিধি পড়ে স্বাক্ষর করার মাধ্যমে কর্মক্ষেত্রে এবং কাজের সময়ের বাইরে প্রত্যাশিত আচরণ সম্পর্কে সম্পূর্ণরূপে সচেতন থাকতে হবে। এটি সমস্ত কর্মক্ষেত্রে, কাজের সাথে সম্পর্কিত বাসস্থান বা কাজের সাথে সম্পর্কিত ভ্রমণের সময় এবং যে কোন রকম কাজ সম্পর্কিত মিটিং, পরামর্শ, যোগাযোগ বা সম্পৃক্ততার সময়কার ক্রিয়াকলাপের ক্ষেত্রে প্রযোজ্য।

প্রকল্পের সুরক্ষার আচরণবিধিতে অবশ্যই প্রকল্প সংস্থার বদ্ধপরিকরতা উল্লেখ করতে হবে:

- সমতা এবং বৈষম্যহীনতা
- GBVH অবরদাস্তযোগ্য
- আধুনিক দাসত্ব এবং শিশুশ্রমের ঝুঁকি হ্রাস করা।

প্রকল্পের সুরক্ষার আচরণবিধিতে অবশ্যই সংস্থার বিধিভঙ্গের ক্ষেত্রে কর্মীর উপর কোন কোন উপযুক্ত নিষেধাজ্ঞা জারি হতে পারে তার সংজ্ঞা বা রেফারেন্স অন্তর্ভুক্ত থাকবে।

2 প্রাথমিক সাপ্লায়ার হল সেই সমস্ত সরবরাহকারী যারা বর্তমানে প্রকল্পের মূল ব্যবসায়িক প্রক্রিয়াগুলির জন্য প্রয়োজনীয় পণ্য বা উপকরণ সরবরাহ করে।

## পরিচালকবর্গ

সুনিশ্চিত করুন যে আপনি প্রকল্পের সুরক্ষার আচরণবিধি পড়েছেন, বুঝেছেন এবং স্বাক্ষর করেছেন।

আপনার কাছ থেকে প্রত্যাশিত আচরণ ভালোভাবে বুঝতে পেরেছেন কিনা সুনিশ্চিত করুন। আপনি প্রকল্পের সুরক্ষার কোনো আচরণবিধি সম্পর্কে নিশ্চিত না হলে PIDG HSES-কে জিজ্ঞাসা করুন।

নিশ্চিত করুন যে সমস্ত কর্মী (কর্মচারী, ঠিকাদার এবং প্রাথমিক সাপ্লায়ার) প্রকল্পের সুরক্ষার আচরণবিধি পড়ে স্বাক্ষর করেছেন।

## সব কর্মীরা

সুনিশ্চিত করুন যে আপনি প্রকল্পের সুরক্ষার আচরণবিধি পড়েছেন, বুঝেছেন এবং স্বাক্ষর করেছেন।

আপনার কাছ থেকে প্রত্যাশিত আচরণ ভালোভাবে বুঝতে পেরেছেন কিনা সুনিশ্চিত করুন। আপনি প্রকল্পের সুরক্ষার আচরণবিধির কোনো কিছু সম্পর্কে নিশ্চিত না হলে আপনার সুপারভাইজার বা ম্যানেজারকে জিজ্ঞাসা করুন।

আপনি যদি চিন্তিত হন যে কেউ প্রকল্পের সুরক্ষার আচরণবিধি লঙ্ঘন করছে তবে আপনার লাইন ম্যানেজারের সাথে এ নিয়ে আলোচনা করুন অথবা অভিযোগ প্রক্রিয়া ব্যবহার করে অবহিত করুন।

সংশ্লিষ্ট মানদণ্ড: HSES 003-010 PIDG লোকাল এমপ্লয়মেন্ট অ্যান্ড লেবার ম্যানেজমেন্ট স্ট্যান্ডার্ড, HSES 003-011 PIDG জেন্ডার ইকুয়ালিটি স্ট্যান্ডার্ড, HSES 005-007 PIDG প্রোজেক্ট সেফগার্ডিং কোড অফ কন্ডাক্ট গাইডেন্স।

# 03 নিয়োগ পরিকল্পনা

**নিয়োগ প্রক্রিয়া ন্যায্য, স্বচ্ছ, পরিকল্পনা লিখিত এবং কর্মীদের জন্য বিনামূল্যে উপলব্ধ।**

## প্রয়োজনীয়তা

প্রকল্পের নিয়োগ প্রক্রিয়া কোনও নিয়োগ পরিকল্পনায় নথিভুক্ত থাকা আবশ্যক। ঠিকাদারদের নিয়োগ পরিকল্পনা বানাতে এবং বাস্তবায়িত করতে হবে।

নিয়োগ পরিকল্পনা নিযুক্তি এবং নিয়োগের প্রক্রিয়াগুলিকে এইভাবে নির্ধারণ করবে:

- ন্যায্য, স্বচ্ছ এবং বৈষম্যহীন হবে
- কতজনকে নেওয়া হবে এবং প্রতিটি ভূমিকার জন্য স্পষ্ট এবং লক্ষ্যভিত্তিক মানদণ্ড নির্ধারিত হবে
- কতজন স্থানীয় শ্রমিক প্রয়োজন তার রূপরেখা বানানো হবে
- নিশ্চিত করা হবে যেন সব সংশ্লিষ্ট পরামর্শে মহিলাদের সঙ্গে পর্যাপ্ত পরামর্শ করা হয়
- নিশ্চিত করা হবে যে কাজে প্রবেশের সুযোগ নারী এবং পুরুষদের জন্য সমান
- প্রাসঙ্গিক ব্যাকগ্রাউন্ড চেক এবং প্রতিটি সাক্ষাৎকারে কমপক্ষে দুইজনের একটি নির্বাচন প্যানেল সহ বাছাই এবং সাক্ষাৎকার প্রক্রিয়া নির্ধারণ করা হবে
- 18 বছরের কম বয়সী (এবং 15 বছরের বেশি বয়সী) যে কোনো কর্মীর সুরক্ষাজনিত ঝুঁকি মূল্যায়ন এবং স্বাস্থ্য পর্যবেক্ষণ করতে হবে
- আবেদনকারীদের বিনামূল্যে আবেদন করতে হবে এবং
- যেখানে বাইরের সম্প্রদায় থেকে কর্মী আসবে সেখানে নিরাপত্তার কথা মাথায় রাখতে হবে।

বাস্তবে যতদূর সম্ভব বাহ্যিক শ্রমিক সংস্থার ব্যবহার সীমিত রাখা উচিত। প্রয়োজন হলে, তাদেরকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে নিয়োগের ফী কর্মীর কাছ থেকে নেওয়া হবে না এবং কর্মীর নথিপত্র রাখা হবে না।

যেখানে সম্ভব সেখানে নিয়োগ প্রক্রিয়ায় সরকারি নথিপত্র দিয়ে সমস্ত শ্রমিকের জন্ম তারিখ যাচাই করতে হবে।

## পরিচালকবর্গ

নিশ্চিত করুন যে নিয়োগের পরিকল্পনা ইতিমধ্যে রয়েছে এবং পদ্ধতিগতভাবে বাস্তবায়িত করা হচ্ছে।

শ্রমিকদাতা বা এজেন্সি ব্যবহৃত হলে সেক্ষেত্রে নিয়োগের পদ্ধতিগুলি পর্যবেক্ষণ করুন। নিশ্চিত করুন যে কর্মীর কাছ থেকে যেন ফী নেওয়া না হয় এবং শ্রমিকের নথিপত্র যেন রাখা না হয়।

## সব কর্মীরা

নিয়োগ পরিকল্পনা সম্পর্কে সচেতন থাকুন এবং নিয়োগের পরিকল্পনা দেখতে চান।

নিয়োগের সময় কোনো কর্মী কোনো রকম GBVH এর সম্মুখীন হচ্ছেন এমন জানতে পারলে ম্যানেজমেন্টকে জানান বা অভিযোগ প্রক্রিয়ার মাধ্যমে চিন্তার কথা জানান।

আপনি যদি জানেন যে কোনো কর্মীর কাছে নিয়োগের জন্য টাকা নেওয়া হচ্ছে বা তাদের নথি রেখে দেওয়া হচ্ছে তাহলে ম্যানেজমেন্টকে অথবা অভিযোগ প্রক্রিয়ার মাধ্যমে সে কথা জানান।

সংশ্লিষ্ট মানদণ্ড: HSES 003-010 PIDG লোকাল এমপ্লয়মেন্ট অ্যান্ড লেবার ম্যানেজমেন্ট স্ট্যান্ডার্ড এবং HSES 003-011 PIDG জেন্ডার ইকুয়ালিটি স্ট্যান্ডার্ড।

# 04 কর্মসংস্থানের শর্তাবলী

**সমস্ত কর্মী এবং ঠিকাদাররা কর্মসংস্থানের শর্তাবলী নথিভুক্ত করেছেন, যা তারা বোঝেন এবং যা তাদের অধিকার ব্যাখ্যা করেছে এবং যা আইন সম্মত।**

## প্রয়োজনীয়তা

সমস্ত কর্মী (অস্থায়ী কর্মী সহ) এবং ঠিকাদারকে অবশ্যই দেশের আইন এবং চাকরিতে সংস্থার মান মেনে চলার লিখিত শর্তাবলী দিতে হবে।

চাকরির শর্তাবলীতে অবশ্যই উল্লেখ করতে হবে:

- কর্মসংস্থানের সময়কাল
- দেশের আইন এবং জায়গার/খাতের সাথে সঙ্গতিপূর্ণ উপযুক্ত মজুরি এবং পারিশ্রমিক
- টাকা দেওয়ার সময় এবং পদ্ধতি
- কাজের সময় অতিরিক্ত হবে না
- ওভারটাইমের ব্যবস্থা, ওভারটাইমের শর্তাবলী, ক্ষতিপূরণ এবং অতিরিক্ত নয় এমন সর্বোচ্চ সীমা সহ
- মাতৃত্বকালীন/পিতৃত্বকালীন ছুটি সহ ছুটির যোগ্য
- কোম্পানি সুযোগ সুবিধা
- শাস্তিমূলক ব্যবস্থা এবং চাকরির অবসান এবং
- মানবসম্পদ নীতির রেফারেন্স এবং যেখানে প্রযোজ্য সেখানে সম্মিলিত সম্মতিপত্র।

কর্মসংস্থানের শর্তাবলী এমন একটি ভাষায় হতে হবে যেটি কর্মী বোঝে এবং সেগুলি অবশ্যই কর্মীকে মৌখিকভাবে ব্যাখ্যা করতে হবে।

## পরিচালকবর্গ

নিশ্চিত করুন যে সমস্ত কর্মী (অস্থায়ী কর্মী সহ) এবং ঠিকাদারকে নিয়োগের লিখিত শর্তাবলী দেওয়া হয়েছে এবং তারা যেন কর্মসংস্থানের শর্তাবলী বুঝতে পারেন।

## সব কর্মীরা

আপনার কর্মসংস্থানের শর্তাবলী বুঝুন এবং আপনার অধিকার জানুন।

কোন প্রশ্ন থাকলে, আপনার সুপারভাইজার বা ম্যানেজারকে জিজ্ঞাসা করুন।

আপনাকে যখন যত টাকা দেওয়া হচ্ছে, আপনার কাজের সময় এবং ওভারটাইমের ব্যবস্থা বা অন্য কোন কাজ সম্পর্কিত বিষয় সহ আপনার চাকরির শর্তাবলী সম্পর্কে নিশ্চিত বা সন্তুষ্ট না হলে আপনার সুপারভাইজার বা ম্যানেজারের সাথে আলোচনা করুন বা অভিযোগ প্রক্রিয়া ব্যবহার করে সমস্যাটি জানান।

সংশ্লিষ্ট মানদণ্ড: HSES 003-010 PIDG লোকাল এমপ্লয়মেন্ট অ্যান্ড লেবার ম্যানেজমেন্ট স্ট্যান্ডার্ড এবং HSES 003-011 PIDG জেন্ডার ইকুয়ালিটি স্ট্যান্ডার্ড।

# 05 প্রশিক্ষণ এবং যোগাযোগ

**সমস্ত কর্মী এবং ঠিকাদাররা নিরাপত্তা এবং কল্যাণ, তাদের অধিকার, তাদের থেকে প্রত্যাশিত আচরণ এবং কীভাবে কোনও চিন্তা বা অভিযোগ জানাতে হবে তা বোঝার জন্য পর্যাপ্ত প্রশিক্ষণ এবং তথ্য পাবেন।**

## প্রয়োজনীয়তা

সমস্ত কর্মী এবং ঠিকাদারকে কাজ শুরুর আগে প্রারম্ভিক প্রশিক্ষণ গ্রহণ করতে হবে। এটি অন্তত কভার করবে:

- সংস্থাগুলির HSES নীতিগুলি
- প্রকল্পের সুরক্ষার আচরণবিধি এবং তা লঙ্ঘনের পরিণতি
- জীবনরক্ষার মূল PIDG নিয়ম বা সমতুল্য সহ সাধারণ এবং চাকরিভিত্তিক স্বাস্থ্য এবং সুরক্ষার তথ্য যা নিরাপদে চাকরি করার জন্য প্রয়োজনীয়
- কর্মসংস্থানের সাধারণ শর্তাবলী, শাস্তিমূলক ব্যবস্থা এবং দেশের ও আন্তর্জাতিক আইন অনুযায়ী কর্মীর অধিকার
- শিশুশ্রম ও আধুনিক দাসত্ব
- বৈষম্যহীনতা, লিঙ্গসমতা, গুন্ডামি, GBVH এর বিরুদ্ধে সুরক্ষা
- সংশ্লিষ্ট কমিউনিটিগুলিতে প্রয়োজনীয় আইনানুগ আচরণ এবং না মানার পরিণতি
- স্থানীয় সম্প্রদায়ের সাথে কথোপকথনের সময় সাংস্কৃতিক সংবেদনশীলতা এবং
- প্রকল্পভিত্তিক অভিযোগ প্রক্রিয়ার ব্যবহার।

কোনো প্রকল্পে সুনির্দিষ্ট সুরক্ষাজনিত ঝুঁকি চিহ্নিত করা হলে, সেখানে ম্যানেজমেন্ট টিমগুলিকে ঝুঁকি শনাক্তকরণ, চিন্তা ও অভিযোগ জানাতে সচেতনতা বাড়ানোর জন্য সুনির্দিষ্ট প্রশিক্ষণ দেওয়া উচিত।

সমস্ত প্রকল্পের কর্মীর অধিকারকে সম্মান করার জন্য এবং কাজ সম্পর্কিত সব জায়গাকে কাজের জন্য নিরাপদ করতে তাদের বদ্ধপরিকরতার কথা জানানো উচিত।

## পরিচালকবর্গ

নিশ্চিত করুন যেন সমস্ত কর্মী এবং ঠিকাদাররা প্রারম্ভিক ট্রেনিং পান।

আপনার প্রকল্পের সুরক্ষাজনিত ঝুঁকিগুলি বুঝুন এবং চিহ্নিত ঝুঁকির ধরন এবং মাত্রা অনুযায়ী উপযুক্ত প্রশিক্ষণ নিন।

কর্মীর অধিকারকে সম্মান করার এবং কাজের নিরাপদ জায়গা দিতে প্রকল্পের বদ্ধপরিকরতা সহজে বোঝার মত তথ্য প্রদান করুন (যেমন পোস্টার)।

নিশ্চিত করুন যে GBVH অভিযোগের দায়িত্বে থাকা ব্যক্তিদের এমন প্রশিক্ষণ রয়েছে যা অভিযোগকারীদের জন্য ঝুঁকি তৈরি না করেই দায়িত্বশীলভাবে অভিযোগ সামলাতে পারে।

## সব কর্মীরা

নিশ্চিত করুন যে আপনি প্রারম্ভিক প্রশিক্ষণে অংশ নিয়েছেন এবং কাজের সময় ও বাইরের প্রত্যাশিত আচরণ সহ এতে থাকা সমস্ত বিষয় বুঝতে পেরেছেন।

সংশ্লিষ্ট মানদণ্ড: HSES 003-010 PIDG লোকাল এমপ্লয়মেন্ট অ্যান্ড লেবার ম্যানেজমেন্ট স্ট্যান্ডার্ড, HSES 003-011 PIDG জেন্ডার ইকুয়ালিটি স্ট্যান্ডার্ড।

# 06 কাজের পরিবেশ

**সমস্ত কর্মক্ষেত্র এবং কাজ সম্পর্কিত আবাসন নিরাপদ, স্বাস্থ্যকর এবং কর্মীর সুবন্দোবস্ত সহায়ক।**

## প্রয়োজনীয়তা

সমস্ত সংস্থাকে অবশ্যই একটি নিরাপদ, স্বাস্থ্যকর এবং সম্মানজনক কর্মক্ষেত্র দিতে হবে।

কর্মক্ষেত্র বানানোর সময় কর্মীকে সুবন্দোবস্ত কথা মাথায় রাখা উচিত। নারী ও পুরুষ কর্মীর ব্যক্তিগত নিরাপত্তার কথা বিবেচনা করুন, যেমন নারী ও পুরুষ কর্মক্ষেত্রে কোথায় কি অনুপাতে আছে, আলো এবং প্রবেশাধিকার এইসব।

সমস্ত কর্মীকে অবশ্যই ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জাম (PPE) দিতে হবে যাদের নিরাপদে কাজ করতে হয় এবং কীভাবে তা সঠিকভাবে ব্যবহার করতে হবে সে সম্পর্কে প্রশিক্ষণ হতে হবে। সমস্ত PPE অবশ্যই লিঙ্গভিত্তিক হতে হবে।

পর্যাপ্ত এবং সহজে প্রবেশযোগ্য শৌচাগার এবং ওয়াশরুমের সুবিধা অবশ্যই পুরুষ এবং মহিলা উভয় কর্মীর জন্য আলাদা হবে, গোপনীয়তার জন্য দরজায় তালার ব্যবস্থাও থাকবে।

কর্মীকে থাকার জায়গা দিলে তা অবশ্যই নিরাপদ এবং স্বাস্থ্যকর হতে হবে, কোনো একক লিঙ্গের জন্য হতে হবে এবং বাথরুমের সুবিধা থাকতে হবে আর নিশ্চিত করতে হবে যে এর সেখানে যথাযথ নিরাপত্তার জন্য পর্যাপ্ত আলো, দরজা এবং তালা রয়েছে।

কর্মক্ষেত্রে এবং কর্মীর বাসস্থানে বিনামূল্যে পানীয় জল সরবরাহ করতে হবে।

পরিবহনের ব্যবস্থা দেওয়া হলে তা অবশ্যই নিরাপদ হতে হবে এবং তার পরিচালনায় এবং পরিসরে GBVH এর সম্ভাবনা কমাতে হবে।

সমস্ত প্রকল্পের প্রতিটি কর্মক্ষেত্রে GBVH এর ঝুঁকির মূল্যায়ন করা আবশ্যক, যা কাজের প্রতিটি পর্যায়ে অবশ্যই আপডেট করতে হবে।

## পরিচালকবর্গ

কর্মক্ষেত্রের শর্ত পূরণ হয়েছে কিনা নিশ্চিত করুন।

নিরাপদ এবং সম্মানজনক কর্মক্ষেত্র বজায় রাখতে সাহায্য করুন।

## সকল কর্মী

আপনার কর্মক্ষেত্রকে সম্মান করুন এবং আপনার সহকর্মীর জন্য একে নিরাপদ আর আনন্দদায়ক করতে সাহায্য করুন।

আপনি যে ভাষা ব্যবহার করেন এবং আপনার সহকর্মীদের যেভাবে সম্বোধন করেন সে সম্পর্কে সচেতন থাকুন।

কাজে এমন কিছু আনবেন না বা এমন কোনো ধরনের পোস্টার বা স্ক্রীন সেভার ব্যবহার করবেন না যা কারও মনে আঘাত দিতে পারে।

সজাগ থাকুন। আপনি স্বাস্থ্যবিধি এবং নিরাপত্তা মানার ক্ষেত্রে কোনো খামতি দেখলে বা কোনো ভুল কাজ করা হচ্ছে বলে সন্দেহ হলে আপনার সুপারভাইজার বা ম্যানেজারের সাথে আলোচনা করুন অথবা অভিযোগ প্রক্রিয়া ব্যবহার করে রিপোর্ট করুন।

সংশ্লিষ্ট মানদণ্ড: HSES 003-010 PIDG লোকাল এমপ্লয়মেন্ট অ্যান্ড লেবার ম্যানেজমেন্ট স্ট্যান্ডার্ড, HSES 003-011 PIDG জেন্ডার ইকুয়ালিটি স্ট্যান্ডার্ড।

# 07 সমিতির স্বাধীনতা

**সমস্ত কর্মী, ঠিকাদার এবং প্রাথমিক সাপ্লায়ার ট্রেড ইউনিয়ন বা কর্মী সমিতি গঠন বা তাতে যোগদান করলে তার কোনো নেতিবাচক পরিণতি হবে না।**

## প্রয়োজনীয়তা

প্রতিটি কর্মী, ঠিকাদার এবং প্রাথমিক সাপ্লায়ারদের, তাদের পছন্দের সংগঠন গড়া বা তাতে যোগদানের অধিকারকে, দেশের আইনের সাথে সঙ্গতি রেখে অবশ্যই সম্মান করতে হবে।

কোনো কর্মী ট্রেড ইউনিয়ন কার্যক্রমে জড়িত থাকলে সেই জন্য তার ক্ষেত্রে বিরোধ, বৈষম্য করা বা শাস্তিমূলক কোনো পদক্ষেপ নেওয়া যাবে না।

দেশের আইন যুক্তিতর্কের অধিকার দিলে, সেগুলির অবশ্যই সম্মান করা উচিত। যৌথ সম্মতিপত্র থাকলে অবশ্যই তা মেনে চলতে হবে।

কর্মী প্রতিনিধিদের কর্মক্ষেত্রে প্রবেশাধিকার প্রদান করা উচিত যাতে তারা তাদের প্রতিনিধিত্বমূলক কাজ করতে পারেন।

## পরিচালকবর্গ

ম্যানেজমেন্ট ও কর্মীর মধ্যে এবং উপস্থিত থাকলে তাদের প্রতিনিধিদের মধ্যেও নিয়মিত ও খোলামেলা কথোপকথনের সুস্পষ্ট ব্যবস্থা করুন।

কর্মী-ম্যানেজমেন্ট কথোপকথনে মহিলা, অভিবাসী কর্মী এবং অন্যান্য দুর্বল গোষ্ঠীর মানুষ সহ সবার বক্তব্য যাতে শোনা হয় তা সুনিশ্চিত করার চেষ্টা করুন।

দেশের আইন অনুসারে কর্মীসংগঠনের সাথে জড়িত থাকুন এবং অর্থপূর্ণ আলোচনার জন্য প্রয়োজনীয় তথ্য সরবরাহ করুন।

কর্মীদেরকে (মহিলা, অভিবাসী কর্মী এবং অন্যান্য দুর্বল গোষ্ঠী সহ) ম্যানেজমেন্টের অনুপস্থিতিতেও অবাধে দেখা করার অনুমতি দিন।

ট্রেড ইউনিয়ন বা কর্মীসংগঠনের কার্যক্রম নিয়ন্ত্রণ বা প্রভাবিত করার চেষ্টা করবেন না।

ট্রেড ইউনিয়নের সদস্যপদ বা কার্যকলাপের ভিত্তিতে কর্মীর প্রতি বৈষম্য করবেন না।

## সব কর্মীরা

কর্মীসংগঠনের ক্ষেত্রে আপনার অধিকারগুলি বুঝুন এবং অন্যান্য কর্মীর সাথে এগুলি নিয়ে আলোচনা করুন। আপনার কর্মক্ষেত্রে কোনো ট্রেড ইউনিয়ন বা কর্মীর প্রতিনিধি আছে কিনা এবং আপনার জন্য প্রযোজ্য কোনো সম্মিলিত সম্মতিপত্র রয়েছে কিনা জানুন।

সংশ্লিষ্ট মানদণ্ড: HSES 003-010 PIDG লোকাল এমপ্লয়মেন্ট অ্যান্ড লেবার ম্যানেজমেন্ট স্ট্যান্ডার্ড

# 08 নিরাপত্তার ব্যবস্থা

**যে কোন নিরাপত্তা বিধানের জন্য একটি নিরাপত্তার ব্যবস্থার পরিকল্পনা প্রস্তুত করা হয় এবং কর্মরতদের ও সংশ্লিষ্ট কমিউনিটিদের মানবাধিকারের ঝুঁকি বিবেচনা করা হয়।**

## প্রয়োজনীয়তা

প্রকল্প সম্পর্কিত নিরাপত্তা পরিষেবা এবং ক্রিয়াকলাপের অবশ্যই মূল্যায়ন করতে হবে যাতে কর্মী এবং সংশ্লিষ্ট কমিউনিটির ক্ষেত্রে ব্যক্তিগত এবং পাবলিক সিকিউরিটি ফোর্স সৃষ্ট সম্ভাব্য মানবাধিকারের ঝুঁকি বিবেচনা করা হয়। নিরাপত্তার সম্ভাব্য আশঙ্কার ক্ষেত্রে পরিকল্পিত ব্যক্তিগত এবং পাবলিক সিকিউরিটি অপারেশন এবং জনসাধারণের নিরাপত্তার কথা ভাবা উচিত।

চুক্তিবদ্ধ প্রাইভেট সিকিউরিটিকে তাদের কর্মীদের উপযুক্ত প্রশিক্ষণ দেওয়া উচিত এবং বল প্রয়োগ, তল্লাশি এবং অন্যান্য উচ্চ ঝুঁকিপূর্ণ ক্রিয়াকলাপের মতো বিষয়গুলির ক্ষেত্রে উপযুক্ত প্রোটোকল রাখা উচিত।

নিরাপত্তার মূল্যায়নে বিশেষত মহিলাদের এবং নিরাপত্তা পরিষেবার তরফে সংস্থার মধ্যে এবং প্রকল্পের সম্প্রদায়দের মধ্যে GBVH এর ঝুঁকি থেকে নারীদের সুরক্ষার দিকে বিশেষ মনোযোগ দেওয়া হবে।

ভলান্টারি প্রিন্সিপলস ইন সিকিউরিটি অ্যান্ড হিউম্যান রাইটস (VPSHR) [3] অনুযায়ী নিরাপত্তা ব্যবস্থার পরিকল্পনা অবশ্যই তৈরি করতে হবে।

3 নিরাপত্তা এবং মানবাধিকার সম্পর্কিত স্বেচ্ছামূলক নীতি https://www.voluntaryprinciples.org/

## পরিচালকবর্গ

নিশ্চিত করুন যে সেখানে VPSHR অনুযায়ী নিরাপত্তা ব্যবস্থার পরিকল্পনা রয়েছে।

নিশ্চিত করুন যে সমস্ত নিরাপত্তাকর্মী প্রকল্পের সুরক্ষার আচরণবিধি এবং সুরক্ষার জন্য যা প্রয়োজন, বিশেষ করে GBVH এর সাথে সম্পর্কিত প্রশিক্ষণ পেয়েছে।

নিরাপত্তা ব্যবস্থা সম্পর্কে সম্প্রদায়গুলিকে অবশ্যই জানান।

## সকল কর্মী

নিরাপত্তাকর্মীর ভূমিকা হল প্রকল্প এবং কর্মরতদের সুরক্ষা দেওয়া এবং তাদের ভাল রাখা।

আপনাকে নিরাপদ রাখতেই নিরাপত্তা কর্মীরা আছেন। আপনি কোনও নিরাপত্তাদাতার থেকে হুমকি বা ভয় পেলে অথবা অন্যদের প্রতি এই আচরণ করতে দেখলে অভিযোগ প্রক্রিয়া ব্যবহার করে অবিলম্বে রিপোর্ট করুন।

আপনার কর্মক্ষেত্র (আর থাকার জায়গা) এবং ঢোকার-বেরনোর পথ ভাল করে চিনে রাখুন। একা কাজ বা যাতায়াত করবেন না। আপনার সহকর্মীদেরও তাদের নিরাপত্তা সামলাতে সহায়তা করুন।

সংশ্লিষ্ট HSES এর মান: HSES নিরাপত্তা নীতি, HSES 003-010 PIDG লোকাল এমপ্লয়মেন্ট অ্যান্ড লেবার ম্যানেজমেন্ট স্ট্যান্ডার্ড।

# 09 সম্প্রদায়ের মধ্যে যোগাযোগ এবং স্টেকহোল্ডারদের সম্পৃক্ততা

**সমস্ত কর্মী এবং ঠিকাদাররা প্রকল্পের সুরক্ষামূলক আচরণবিধির বর্ণনা অনুসারে স্থানীয় সম্প্রদায়ের মানুষের অধিকার, মর্যাদা এবং মঙ্গলের কথা মাথায় রাখবেন বলে আশা করা হয়। স্টেকহোল্ডারদের সম্পৃক্ততার স্বচ্ছ পরিকল্পনার মাধ্যমে সমস্ত প্রকল্প সম্পর্কিত স্টেকহোল্ডারদের সম্পৃক্ততা নিয়ন্ত্রিত হয় যা সমস্ত সংশ্লিষ্ট কার্যকলাপের আচরণ, প্রক্রিয়া এবং রিপোর্টিং সংজ্ঞায়িত করে।**

## প্রয়োজনীয়তা

সম্প্রদায়গুলির সাথে সমস্ত কথোপকথনের ক্ষেত্রে অবশ্যই তাদের অধিকার, মর্যাদা এবং কল্যাণের বিষয়কে মাথায় রাখা উচিত, বিশেষত আদিবাসী বা ঐতিহ্যবাহী সম্প্রদায় এবং অন্যান্য দুর্বল গোষ্ঠী যেমন মহিলা, শিশু এবং জাতিগত সংখ্যালঘুদের সাথে কথোপকথনের সময়।

সমস্ত সম্প্রদায়ের সম্পৃক্ততা অবশ্যই স্টেকহোল্ডারদের সম্পৃক্ততার পরিকল্পনার মাধ্যমে নিয়ন্ত্রিত হবে, সম্পৃক্ততাকালীন আচার-আচরণ এবং প্রক্রিয়া নির্ধারিত হবে এবং সমস্ত সংশ্লিষ্ট কার্যকলাপের রিপোর্টিং হবে। সংশ্লিষ্ট কমিউনিটির সদস্যদের সাথে সমস্ত সভা, প্রকল্পের ন্যূনতম 2 জন প্রতিনিধির পরিচালনা করা উচিত (মহিলাদের সাথে বৈঠকের ক্ষেত্রে, কমপক্ষে একজন প্রতিনিধির মহিলা হওয়া উচিত)।

স্টেকহোল্ডারদের পরামর্শ এবং জড়িত করার ক্ষেত্রে মহিলাদের পর্যাপ্ত প্রতিনিধিত্ব থাকা উচিত। হোস্ট কমিউনিটির বিষয়ে গৃহীত প্রকল্পের সব সিদ্ধান্তে কমপক্ষে দুইজন ব্যক্তির স্বাক্ষর থাকতে হবে, যার মধ্যে নিয়োগ, জীবিকা ও পুনর্বাসন, কমিউনিটি প্রোগ্রাম এবং অন্য যে কোন প্রকল্পের বিষয়ে সংশ্লিষ্ট সিদ্ধান্ত অন্তর্ভুক্ত। এই সিদ্ধান্তগুলিতে লিঙ্গ বিবেচনার বিষয় অবশ্যই অন্তর্ভুক্ত এবং নথিভুক্ত করা উচিত।

কর্মীর সর্বদা প্রকল্পের সুরক্ষার আচরণবিধি মেনে চলতে হবে, বিশেষ করে GBVH এর ক্ষেত্রে এবং স্থানীয় সাংস্কৃতিক সংবেদনশীলতাকে সম্মান দিতে হবে। কর্মীর অবশ্যই পতিতাবৃত্তি বা কোনো প্রকারের যৌন লেনদেনে লিপ্ত হওয়া চলবে না, এমনকি দেশের আইনে অনুমোদিত হলেও। কর্মীদের অবশ্যই 18 বছরের কম বয়সী শিশুদের সাথে কোনো ধরনের যৌনাচারে লিপ্ত হওয়া উচিত নয় (আগে হওয়া বিবাহ ব্যতীত)।

## পরিচালকবর্গ

নিশ্চিত করুন যে স্টেকহোল্ডারদের সম্পৃক্ততার পরিকল্পনা বলবৎ রয়েছে এবং তা নিয়মিতভাবে বাস্তবায়িত ও আপডেট করা হচ্ছে।

নিশ্চিত করুন যে কর্মীরা কাজের সময় এবং বাইরে উভয় সম্প্রদায়ের মধ্যে যোগাযোগ সম্পর্কে তাদের কাছ থেকে প্রত্যাশিত আচরণ সম্পর্কে সচেতন।

স্থানীয় সম্প্রদায়ের উত্থাপিত প্রকল্প সম্পর্কিত চিন্তার কথা দ্রুত শুনে তার সমাধান করুন। যোগাযোগের পথ এবং অভিযোগ প্রক্রিয়া কার্যকরভাবে কাজ করছে কিনা নিশ্চিত করার জন্য স্থানীয় সম্প্রদায়ের (স্থানীয় মহিলা গোষ্ঠী সহ) থেকে নিয়মিত মতামত সংগ্রহের জন্য নিরাপদ ব্যবস্থা রাখুন।

## সব কর্মীরা

হোস্ট কমিউনিটির সঙ্গে সম্মানীয় আচরণ করুন এবং স্থানীয় সাংস্কৃতিক রীতি সম্পর্কে অবগত থাকুন। সর্বদা প্রকল্পের সুরক্ষার আচরণবিধি অনুসারে কাজ করুন এবং এমন আচরণে লিপ্ত হবেন না যা সংস্থাকে অসম্মানিত করতে পারে। কাজের সময় এবং বাইরে উভয় ক্ষেত্রেই আপনার কাছ থেকে প্রত্যাশিত আচরণ কি তা বুঝুন এবং কোনো প্রশ্ন থাকলে আপনার লাইন ম্যানেজারকে জিজ্ঞাসা করুন।

কোনো কর্মী বা নিরাপত্তাকর্মীকে অনুপযুক্ত আচরণ করতে দেখলে বা শুনলে আপনার লাইন ম্যানেজারের সাথে কথা বলুন অথবা অভিযোগ প্রক্রিয়া ব্যবহার করুন। ম্যানেজমেন্টের পূর্বানুমতি ছাড়া কোনো প্রকল্প সম্পর্কিত কাজের জন্য সম্প্রদায়ের কোনো সদস্যদের সাথে দেখা করবেন না।

সংশ্লিষ্ট HSES এর মান: PIDG HSES-003-008-PIDG স্টেকহোল্ডার এঙ্গেজমেন্ট স্ট্যান্ডার্ড।

# 10 অভিযোগ ব্যবস্থা

**সমস্ত কর্মী, ঠিকাদার এবং হোস্ট কমিউনিটির অভিযোগ প্রক্রিয়ার পদ্ধতিতে ন্যায্য, স্বচ্ছ এবং গোপনীয় প্রবেশাধিকার রয়েছে যা বিষয়টি যত্ন সহকারে দেখে এবং মহিলা সহ দুর্বল গোষ্ঠীর প্রতি সংবেদনশীল থাকে।**

## প্রয়োজনীয়তা

সমস্ত কর্মী এবং ঠিকাদারকে অবশ্যই কর্মীদের নথিভুক্ত, স্পষ্ট এবং স্বচ্ছ অভিযোগ প্রক্রিয়ায় অবাধ প্রবেশাধিকার দিতে হবে।

প্রকল্পের সমস্ত হোস্ট কমিউনিটির নথিভুক্ত, স্পষ্ট এবং স্বচ্ছ অভিযোগ প্রক্রিয়ায় অবাধ প্রবেশাধিকার দিতে হবে।

অভিযোগ প্রক্রিয়া প্রকল্পের শুরু থেকেই অবশ্যই রাখতে হবে এবং সমস্ত কর্মী ও সম্প্রদায়কে তা স্পষ্টভাবে জানাতে হবে। তাদের অবশ্যই নানা চিন্তা ও অভিযোগ গ্রহণ ও সমাধানের প্রক্রিয়া এবং তার প্রতিক্রিয়ার সময়সীমা স্পষ্টভাবে নির্ধারণ করতে হবে। জড়িত ম্যানেজমেন্টের একটি উপযুক্ত পর্যায় সংশ্লিষ্ট থাকতে হবে।

গোপনীয়তা নিশ্চিত করা আবশ্যক এবং বেনামে অভিযোগ দায়ের করা অবশ্যই সম্ভব হতে হবে। যারা অভিযোগ করেন তাদের নিরাপত্তা সর্বাগ্রে রাখতে হবে এবং অবশ্যই প্রতিশোধ থেকেও সুরক্ষা দিতে হবে।

সমস্ত কর্মী এবং হোস্ট কমিউনিটিকে অবশ্যই অভিযোগ প্রক্রিয়াটি কীভাবে ব্যবহার করতে হবে সে সম্পর্কে প্রশিক্ষণ গ্রহণ করতে হবে।

অভিযোগ প্রক্রিয়ায় অবশ্যই ঝুঁকির মাত্রার দিকটি বিবেচনা করতে হবে, এর মধ্যে GBVH, আধুনিক দাসত্ব বা শিশুশ্রমের যে কোনো জানা বা সন্দেহজনক ঘটনা মোকাবিলার ব্যবস্থা অন্তর্ভুক্ত করতে হবে এবং ভুক্তভোগীদের স্থানীয় NGO বা পরিষেবাদাতাদের সাথে যোগাযোগ করাতে হবে। এই রকম যে কোনো ঘটনা গুরুতর হিসাবে PIDG গ্রুপকে জানানো উচিত এবং সেইমত উত্তর দেওয়া হবে। যে কোনো তদন্তের আগে GBVH, আধুনিক দাসত্ব বা শিশুশ্রমের শিকার ব্যক্তির ভাল থাকা সুনিশ্চিত করাই প্রাথমিক বিবেচ্য হওয়া উচিত।

## পরিচালকবর্গ

নিশ্চিত করুন যে কর্মীরা এবং সম্প্রদায় অভিযোগ প্রক্রিয়া সম্পর্কে যেন সচেতন থাকেন এবং তা যেন সর্বদা সহজলভ্য হয়।

সংস্থায় কে অভিযোগ গ্রহণের দায়িত্বে আছেন এবং কীভাবে এবং কখন সেগুলি PIDG-কে জানানো হয় তা বুঝুন।

সমস্ত অভিযোগের অবশ্যই লিখিত রেকর্ড রাখতে হবে।

সমস্ত অভিযোগ অবশ্যই সংবেদনশীলতার সাথে বিবেচনা করা হবে এবং ব্যক্তিগত বিবরণ গোপন রাখা হবে।

নিশ্চিত করুন যে কর্মীরা তাদের লাইন ম্যানেজার নন এমন ব্যক্তিদের কাছেও অভিযোগ দায়ের করতে এবং পুরুষ বা মহিলা কার সাথে যোগাযোগ করবেন তা বাছাই করতে পারেন।

## সব কর্মীরা

আপনার কাজ বা কাজের সাথে যুক্ত ব্যক্তিদের সম্পর্কে কোনো চিন্তা থাকলে অভিযোগ প্রক্রিয়া ব্যবহার করুন। আপনার পরিচয় গোপন রাখা এবং/অথবা গোপনীয়তাকে সম্মান করা হবে এবং প্রকৃত চিন্তা জানানোর জন্য কোন নেতিবাচক পরিণতি হবে না।

সত্যোদ্ঘাটন করে আপনি নিজেকে রক্ষা করার পাশাপাশি আপনার চারপাশের লোকদেরও রক্ষা করুন।

সংশ্লিষ্ট HSES এর মান: PIDG HSES-003-009 গ্রিভেন্স মেকানিজম স্ট্যান্ডার্ড

www.pidg.org